

স্মারক নং : এইচএসএসপি/মাঠ পর্যায়ে উঃ বৃঃ/০৯/১৫/৭৮

তারিখ : ০৩.০৪.২০১৮ খ্রি.

বিষয় : ২০১৭-১৮ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের মোবাইল ব্যাংকিং এ্যাকাউন্ট খোলার লক্ষ্যে KYC ফরম পূরণ।

উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্পের আওতায় ২০১৭-১৮ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা প্রতিষ্ঠান কর্তৃক প্রকল্পের সফটওয়্যারে এন্ট্রিকরণ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। এন্ট্রিকৃত শিক্ষার্থীদের মোবাইল ব্যাংকিং এ্যাকাউন্ট খোলার লক্ষ্যে ডাচ-বাংলা ব্যাংক কর্তৃক সরবরাহকৃত KYC ফরম পূরণের জন্য নিম্নলিখিত নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।


১. ডাচ-বাংলা ব্যাংক আগামী ০৮.০৪.২০১৮ তারিখ থেকে ১২.০৪.২০১৮ তারিখের মধ্যে প্রতিষ্ঠান ওয়ারি এন্ট্রিকৃত শিক্ষার্থী সংখ্যা অনুযায়ী KYC ফরম উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের নিকট প্রদান করবেন।
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তালিকা অনুযায়ী নির্দিষ্ট সংখ্যক KYC ফরম ১০.০৪.২০১৮ তারিখ থেকে ১২.০৪.২০১৮ তারিখের মধ্যে প্রতিষ্ঠানে সরবরাহ করবেন।
৩. সঠিক মোবাইল এ্যাকাউন্ট নম্বরসহ (১২ ডিজিট) শিক্ষার্থীদের স্বাক্ষরযুক্ত KYC ফরম পূরণপূর্বক প্রতিষ্ঠান প্রধানবৃন্দ ১৯.০৪.২০১৮ তারিখের মধ্যে সকল ফরম উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের দপ্তরে জমা প্রদান করবেন।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার উপজেলাস্থ সকল প্রতিষ্ঠানের KYC ফরম সংগ্রহ করে ২৫.০৪.২০১৮ তারিখের মধ্যে ডাচ-বাংলা ব্যাংক প্রতিনিধির নিকট জমা প্রদান করবেন।
৫. প্রকল্প থেকে সরবরাহকৃত শিক্ষার্থী তালিকার বাইরে ডাচ-বাংলা ব্যাংক কোন KYC ফরম প্রদান কিংবা গ্রহণ করবে না।
৬. প্রকল্পের সফটওয়্যারে শিক্ষার্থীর নামের বিপরীতে ১২ ডিজিটের যে রকেট একাউন্ট নম্বর এন্ট্রি করা হয়েছে শুধু সে নম্বর দিয়েই KYC ফরম পূরণ করতে হবে।
৭. শিক্ষার্থীর বয়স ১৮ বছর পূর্ণ হলে নিজ নামে এ্যাকাউন্ট করতে পারবে। KYC ফরমের সাথে শিক্ষার্থীর এক কপি ছবি ও এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি প্রদান করতে হবে।
৮. যে সকল শিক্ষার্থীর বয়স ১৮ বছরের কম, সে সকল শিক্ষার্থীর বাবা/মা/অভিভাবকের নামে এ্যাকাউন্ট খুলতে হবে। Nominee হিসাবে অবশ্যই শিক্ষার্থীর নাম থাকতে হবে। KYC ফরমের সাথে যার নামে এ্যাকাউন্ট হবে (বাবা/মা/অভিভাবক) তার এক কপি ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং শিক্ষার্থীর ফটো আইডি হিসাবে এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটো কপি জমা দিতে হবে।
৯. যে সকল শিক্ষার্থীর KYC ফরম ইতোমধ্যে পূরণ করা হয়েছে তাদের পুনরায় ফরম পূরণের প্রয়োজন নাই।
১০. KYC ফরম পূরণ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনে ঢাকা বিভাগ- ০১৭১৬৫৯৩২৬৮, চট্টগ্রাম বিভাগ- ০১৭১৬০৪৩২১৭, রাজশাহী বিভাগ- ০১৭১২০৫২৮৬০, রংপুর+সিলেট বিভাগ- ০১৭১২৬৭৮৪৭৮, খুলনা+ময়মনসিংহ বিভাগ- ০১৭১২৫৩৩৩৩৭ এবং বরিশাল বিভাগ- ০১৮১৭০৬০৬০৬০ নম্বরে ফোন করে জানা যাবে।
১১. মাঠ পর্যায়ে সার্বিক মনিটরিং করবেন এ প্রকল্পের উপপ্রকল্প পরিচালক জনাব শ.ম. সাইফুল আলম (০১৭১১১১৫৩৪০)।

বর্ণিত অবস্থায় জরুরীভিত্তিতে স্ব স্ব উপজেলার প্রতিষ্ঠান প্রধানকে বিষয়টি অবহিত করে সঠিকভাবে KYC ফরম পূরণের কাজ সম্পন্ন এবং উপজেলাস্থ সকল প্রতিষ্ঠানের পূরণকৃত ফরম ২৫.০৪.২০১৮ তারিখের মধ্যে ডাচ-বাংলা ব্যাংক প্রতিনিধির নিকট জমা প্রদানের অনুরোধ করা হলো।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/মেট্রো লিয়াজোঁ অফিসার।

উপজেলা : -----

জেলা : -----



(মুহঃ মাহসুভর রহমান)
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
ফোন : ৯৫৭৫৮০৪

স্মারক নং : এইচএসএসপি/মাঠ পর্যায়ে উঃ বৃঃ/০৯/১৫/৭৮ (৭৩০০)

তারিখ : ০৩.০৪.২০১৮ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরিচালক (পঃ ও উঃ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৪। অধ্যক্ষ (সকল)।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ৬। জেলা শিক্ষা অফিসার (সকল)। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের প্রয়োজনীয় নির্দেশনা এভং কার্যক্রম মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। উপমহাব্যবস্থাপক (প্লানিং কো-অর্ডিনেশন এন্ড মার্কেটিং বিভাগ), অগ্রণী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, দিলকুশা, ঢাকা।
- ৮। হেড অব ফিন্যান্সিয়াল ইনকুশন ডিভিশন, ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড, গুলশান, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (পত্রটি মাউশির ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। সংরক্ষণ কপি।


(শাহানা জ পারভীন কাজল)
সহকারী প্রকল্প পরিচালক